(৪)

তারিখ ... ১৫।২।৮৩ ...
পৃষ্ঠা ... ৩ কলাম 4 ...

ইত্তেফাক



# মাহজাবীন শাহনাজ : একটি অনন্য মেধা

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮২ সনে অনুষ্ঠিত স্নাতক সম্মান পরীক্ষার্থীদের মধ্যে সম্মান ও সাবসিডারী বিষয়ে সকল অনুষদের ও বিভাগের ছাত্র-ছাত্রীদের মধ্যে সর্বোচ্চ নম্বর পাওয়ার জন্য মিস মাহজাবীন শাহনাজ বিশ্ববিদ্যালয়ের রাজা কালী নারায়ণ বৃত্তি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বৃত্তি, সালেকুন্নেছা বৃত্তি ও সাঈদুর রহমান ফাউণ্ডেশন বৃত্তি লাভ করেন।

মাহজাবীন শাহনাজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিদ্যা বিভাগের ছাত্রী। তিনি স্নাতক পরীক্ষায় রেকর্ডসূচক নম্বর পাওয়ায় এই বিভাগে সর্ব প্রথম বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ সম্মানজনক রাজা কালী নারায়ণ বৃত্তি লাভ করেন।

শাহনাজ, এম,এস-সি'র উদ্ভিদ প্রজনন বিভাগে ভর্তি হইবেন এবং পরবর্তী জীবনে শিক্ষকতা ও উদ্ভিদ গবেষণা বিষয়ে আত্ম নিয়োগের আশা পোষণ করেন।

(৫ম পৃঃ দ্রঃ)

## মাহজাবীন শাহনাজ

(৩য় পৃঃ পর)

মাহজাবীন শাহনাজ বাংলাদেশ সরকারের বহিঃ সম্পদ বিভাগের ভূতপূর্ব সচিব ও বর্তমান এশীয় উন্নয়ন ব্যাংকের শিল্প নির্বাহী পরিচালক কাজী ফজলুর রহমান ও বেগম লিলি রহমানের প্রথম সন্তান।

মাহজাবীন শাহনাজ শৈশব হইতেই সাহিত্য, সঙ্গীত ও চারুকলায় অত্যন্ত আগ্রহী। তিনি নিয়মিতভাবে রবীন্দ্র ও নজরুল সঙ্গীতের চর্চা করেন।

০৫৩